# মেঘনা বুলেটিন

এপ্রিল ২০২৩: সংখ্যা: ৬০

## আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ট্রাস্ট এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবণ-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।



/radiomeghna99.0 radiomeghna.net

### রেডিও মেঘনার মাধ্যমে জয়ীতা পুরুস্কার পেলেন নারী উদ্যোক্তা পিংকি



ছবি ধারণে: সুরভী, স্থান: উপজেলা অফিসার্চ ক্লাব, তারিখ: ০৮ মার্চ ২০২৩

চরফ্যাসন উপজেলার আবুবক্কপুর এলাকার সফল নারী উদ্যোক্তা পিংকি (২৭)। উচ্চ শিক্ষায় শিক্ষিত হলেও মানুষের প্রয়োজনের কথা ভেবেই নিজের উদ্যোগে শখের বসে ২০১৯ সালে ২৮৫ শতাংশ জমিতে বহুমুখী প্রয়োজনীয় খামার গড়ে তুলে দৃষ্টান্ত স্থাপন করেছেন তিনি।

পিংকির সাফল্য পাওয়ার পেছনের গল্প নিয়ে চলতি বছরের গত ১২ জানুয়ারী রেডিও মেঘনায় ভিডিও ও সংবাদ প্রচার করা হয়। ভিডিওটি প্রকাশের পর চরফ্যাসনের মানুষের মাঝে ব্যাপক উৎসাহ সৃষ্টি হয়।

এরই ধারাবাহিকতায় সফল নারী ক্যাটাগরী হিসেবে রেডিও মেঘনা থেকে পিংকির নাম দেওয়া চরফ্যাসন মহিলা বিষয়ক অধিদপ্তরে। গত ৮ মার্চ (মঙ্গলবার) আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে চরফ্যাসন উপজেলা পর্যায়ে সফল নারী উদ্যোক্তা ক্যাটাগরীতে তরুণ্যের নবযাত্রার প্রধান উপদেষ্টা ইয়াসরিকা মুমু উপস্থিত থেকে পিংকির হাতে সংবর্ধনাও শ্রেষ্ঠ জয়িতা হিসেবে পুরস্কার তুলে দেন।

পিংকি বলেন, তার স্বপ্ন ছিলো লেখা পড়া শেষ করে নিজে কিছু করার। মাত্র ১৬ বছর বয়সে পিংকি বাল্য বিবাহের শিকার হলেও থেমে থাকেনি তিনি। অবশেষে তিনি তার পৈত্রিক সম্পত্তিতে ১০ লাখ ব্যয় স্বপ্নের খামার গড়ে তুলেন এবং বর্তমানের প্রতি মাসে তার খামার থেকে মাসিক আয় হয় দেড় থেকে দুই লাখ টাকা।

তিনি বলেন, একজন মেয়ে চাইলে সব করতে পারে। লেখা পড়া শেষে চাকরির পেছনে না ছুটে নিজে কিছু করে সফল হওয়ার চেয়ে আনন্দ কিছু নেই। তার এই সফলতা নিয়ে রেডিও মেঘনায় সংবাদ প্রকাশের পর তিনি আরো পরিচিত হয়েছেন সফল নারী উদ্যোক্তা হিসেবে এবং জয়ীতা পুরুস্কার পেয়েও ধন্যবাদ জানিয়েছেন রেডিও মেঘনাকে।

### কিশোরী মেয়ের মানসিক চাপ প্রতিরোধে সতর্ক মা

মানুষের মাঝে সচেতনতা তৈরি করার জন্য রেডিও মেঘনা প্রচার করে, কিশোর-কিশোরীদের মানসসিক যত্ন নিয়ে ম্যাগাজিন অনুষ্ঠান 'আরমা কিশোর-আমরা কিশোরী'।

প্রচারের ফলে কিশোর-কিশোরীদের মানসসিক যত্ন সম্পর্কে না জানা অনেক তথ্য জানতে পারেন চরফ্যাসনের শশীভূশন এলাকার নাসিমা (৩৬)। তিনি বলেন, আমি রেডিও থেকে শুনে মানসিক চাপ কি সেটা ভালো করে বুঝতে পেরেছি। আমরা যখন ছোট ছিলাম তখন আর

এখনকার সমাজ, পরিস্থিতির মধ্যে অনেক পার্থক্য। আমার মা আমাকে যে ভাবে রাখেছে বা শাসন করেছে, এখন আমি আমার মেয়ের সাথে একই ব্যবহার করতে পারি না। সময়ের সাথে সাথে আমাদের ধারনাও পাল্টাচ্ছে।

তিনি আরো বলেন, আমি আগে থেকেই আমার মেয়ের সাথে বন্ধুর মত মিশার চেষ্টা করতাম। রেডিও থেকে শুনার পর মন খারাপের বিষয়টা বেশি গুরুত্ব দেই। মেয়ের মন বুঝে কথা বলি, কাজ দেই। এখনকার যুগে ছেলে মেয়েদের সঠিক ভাবে মানুষ করা অনেক কষ্ট। আমার মেয়ের মনের অবস্থা আমি সব সময়ই বুঝি। কোন করনে চুপ-চাপ থাকে, কোন কারনে রাগ দেখায় সবই বুঝি। আমিও পরিস্থিতি বুঝে কথা বলি।

আমার ছোট মেয়ে মিম এখন সপ্তম শ্রেণীতে পড়ে। আমি রেডিও মেঘনা সব সময়ই শুনি বিশেষ করে কিশোরী মেয়েদের অনুষ্ঠান বেশি শুনি। ধন্যবাদ রেডিও মেঘনাকে।



সাক্ষাৎকার গ্রহণে: তাসপিয়া, ছবি ধারণে: সুরভী, স্থান: শশীভূষন , তারিখ: ১৪ মার্চ ২০২৩

## গর্ভকালীন যত্নে সর্তক সোনিয়া



সাক্ষাৎকার গ্রহণ: সুরভী, ছবি ধারণে: তানপিয়া, স্থান: আব্দুল্লাহপুর, তারিখ: ২১ মার্চ ২০২৩

নারী যখন গর্ভধারণ করেন তখন তার শারিরীক ও মানসিক স্বাস্থ্যের যত্ন নেওয়া খুবই প্রয়োজন। জন-সচেতনতায় গর্ভকালীন যত্ন সর্ম্পকে রেডিও মেঘনায় প্রচারিত হয় ইস্যুভিত্তিক 'পিএসএ, নাটিকা, কথিকা ইত্যাদি।

চরফ্যাসন আবদুল্লাহপুর ৪ নং ওর্য়াডের বাসিন্দা মোসাম্মদ সোনিয়া (২১ বছর) এই প্রথম সন্তান সম্ভবা। সোনিয়া অবসর সময়ে মাঝে মাঝে রেডিও মেঘনার অনুষ্ঠান শুনেন। এর মধ্যে বিশেষ করে গর্ভকালীন মায়ের যত্ন সকল তথ্য শুনেন তিনি। গর্ভাবস্থায় কোন ধরনের খাবার খাওয়া উচিত, কখন খাওয়া উচিত, কোন সময়টাতে ঔষুধ খেতে হবে, কোন কোন কাজ করা উচিত নয় এবং গর্ভাবস্থায় কতবার চেকআপ করাতে হয় এই সকল অনেক অজানা বিষয় জানতে পেরেছেন। তিনি আরো বলেন, ভালো পরামর্শ দেওয়ার মতো সংসারে শাশড়ি বা ননদ না থাকায় একমাত্র অবলম্বন হচ্ছে রেডিও মেঘনা।

এছাড়াও গর্ভকালী সময়ে পুষ্টিকর খাবারসহ নিয়মিত ডাক্তারের পরামর্শ নেওয়ার বিভিন্ন তথ্য দেওয়া হলে সোনিয়া তার স্বামীকে নিয়ে ডাক্তারের পরামর্শ মেনে চলছেন বলে জানান। সোনিয়ার সাক্ষাৎকার গ্রহণকালে তিনি এধরণের অনুষ্ঠান নিয়মিত প্রচারের জন্য বলেন এবং রেডিও মেঘনাকে ধন্যবাদ জানান তিনি।

## রেডিও শ্রোতা মতামত

- ৮ মার্চ নারী দিবসের আলোচনা অনুষ্ঠান থেকে নারীর অধিকার, নারীর ক্ষমতায়ণ ও নারী দিবসের তাৎপর্য সম্পর্কে জানান কুতুবগঞ্জ এর ইসরাত জাহান।
- 'রান্নাঘর' অনুষ্ঠান খুবই পছন্দের অনুষ্ঠান বলে জানান, আলিগাঁও এলাকার মিশু। রান্নাঘর অনুষ্ঠান শুনে রান্না শিখছেন তিনি।
- ওমরপুর এলাকার মুক্তা বলেন, গানের পর পর বাল্য বিবাহ পিএসএ নাটিকা ভালো লেগেছে।
- শিশুকে প্রতিদিন গোসল করাতে হবে। দৈনিক দু-বার মাথাসহ পুরো শরীর নরম সুতি কাপড় বা ভেজা গামছা দিয়ে ভালোভাবে মুছে দিতে হবে, শিশুকে পানির ঘাটতির জন্য কিছুক্ষণ পরপর পানি খাওয়াতে হবে, ইত্যাদি বিষয় লাইভের তথ্য থেকে জেনেছেন আবুবক্করপুর এলাকার জান্নাত।
- বর্ণালী অনুষ্ঠানে ঝিঁঝিঁ পোকার তথ্য জানতে পেরেছেন আমিনাদের নুসরাত।

যোগাযোগ:
উম্মে নিশি, সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা। ফোন: ০১৭০৮ ১২০৩৯০
ই-মেইল: nishi.meghna@coastbd.net কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।